

BENGALI

Full Marks – 50

Time – 1 hour 30 minutes

The figures in the margin indicate full marks for the questions.

১। যে কোনো একটি বিষয়ে আনুমানিক ৪০০ শব্দে একটি প্রবন্ধ রচনা করুন : ২০

(ক) অগ্রগতির পথে ত্রিপুরা

(খ) রবীন্দ্রনাথ ও ত্রিপুরা

(গ) রক্ত দাও : প্রাণ বাঁচাও

(ঘ) মানবজীবনে নৈতিক মূল্যবোধের অবক্ষয়।

অথবা

গ্রীষ্মকালীন জল-সংকটে গ্রামবাসীদের দুর্ভোগের অভিজ্ঞতা জানাচ্ছে রূপক দেববর্মা তার বন্ধু কমল সরকারকে — এই মর্মে আনুমানিক ৪০০ শব্দে একটি পত্র রচনা করুন।

[Turn over

Sister Nivedita came to help Swamiji in his plans to improving the lot of the women in India. She dedicated herself to the service of India. She spent the large part of her income in helping the needy and in feeding the starving, even denying herself many necessities. When the plague first broke out in Calcutta she got together a number of youngmen. With their help she cleaned the most insanitary places of the city, sometimes sweeping with her own hands.

অথবা

Many in the world earn money, but not all know how to use it properly. Chittaranjan made a good use of his immense earnings with his own hand. He thought that the people in general had a share in the money he earned. He loved secret charity. If anybody praised him for this he felt rather ashamed and sorry, too. He was the help of the helpless and friend of the distressed and considered himself fortunate if he could give anything to anyone.

৩। অনধিক ২৫০ শব্দে সারাংশ লিখুন :

১৫

যতটুকু অত্যাৱশ্যক কেবল তাহারই মধ্যে কারারুদ্ধ হইয়া থাকা মানবজীবনের ধর্ম নহে। আমরা কিয়ৎ পরিমাণে আৱশ্যক-শৃঙ্খলে বদ্ধ হইয়া থাকি এবং কিয়ৎ পরিমাণে স্বাধীন। আমাদের দেহ সাড়ে তিন হাতের মধ্যে বদ্ধ, কিন্তু তাই বলিয়া ঠিক সেই সাড়ে তিন হাত পরিমাণ গৃহ নির্মাণ করিলে চলে না। স্বাধীন চলাফেরার জন্য অনেকখানি স্থান রাখা আৱশ্যক, নতুবা আমাদের স্বাস্থ্য এবং আনন্দের ব্যাঘাত হয়। শিক্ষা সম্বন্ধেও এই কথা খাটে। যতটুকু কেবলমাত্র শিক্ষা, অর্থাৎ অত্যাৱশ্যক, তাহারই মধ্যে শিশুদিগকে একান্ত নিবদ্ধ রাখিলে কখনোই তাহাদের মন যথেষ্ট পরিমাণে বাড়িতে পারে না। অত্যাৱশ্যক শিক্ষার সহিত স্বাধীন পাঠ না মিশাইলে ছেলে ভালো করিয়া মানুষ হইতে পারে না — বয়ঃপ্রাপ্ত হইলেও বুদ্ধিবৃত্তি সম্বন্ধে সে অনেকটা পরিমাণে বালক থাকিয়াই যায়।

কিন্তু দুর্ভাগ্যক্রমে আমাদের হাতে কিছুমাত্র সময় নাই। যত শীঘ্র পারি বিদেশীয় ভাষা শিক্ষা করিয়া পাস দিয়া কাজে প্রৱিষ্ট হইতে হইবে। কাজেই শিশুকাল হইতে উদ্বিগ্নমনে, দ্রুতবেগে, দক্ষিণে বামে দৃকপাত না করিয়া পড়া মুখস্থ করিয়া যাওয়া ছাড়া আর কোনো-কিছুর সময় পাওয়া যায় না। সুতরাং ছেলের হাতে কোনো শখের বই দেখিলেই সেটা তৎক্ষণাৎ ছিনাইয়া লইতে হয়।

কাজেই বিধির বিপাকে বাঙালির ছেলের ভাগ্যে ব্যাকরণ, অভিধান এবং ভূগোল বিবরণ ছাড়া আর কিছুই অবশিষ্ট

থাকে না। বাঙালির ছেলের মতো এমন হতভাগ্য আর কেহ নাই। অন্য দেশের ছেলেরা যে বয়সে নবোদগত দন্তে আনন্দমনে ইস্কু চর্বণ করিতেছে, বাঙালির ছেলে তখন ইস্কুলের বেঞ্চির উপর কৌচা-সমেত দুইখানি শীর্ণ খর্ব চরণ দোদুল্যমান করিয়া শুদ্ধমাত্র বেত হজম করিতেছে, মাস্টারের কটু গালি ছাড়া তাহাতে আর কোনোরূপ মশলা মিশানো নাই।

তাহার ফল হয় এই যে, হজমের শক্তিটা সকল দিক হইতেই হ্রাস হইয়া আসে। যথেষ্ট খেলাধুলা এবং উপযুক্ত আহার্যভাবে বঙ্গসন্তানের শরীরটা যেমন অপুষ্ট থাকিয়া যায়, মানসিক পাকযন্ত্রটাও তেমন পরিণতি লাভ করিতে পারে না। আমরা যতই বি.এ, এম.এ. পাস করিতেছি, রাশি রাশি বই গিলিতেছি, বুদ্ধিবৃত্তিটা তেমন বেশ বলিষ্ঠ এবং পরিপক্ব হইতেছে না। তেমন মুঠা করিয়া কিছু ধরিতে পারিতেছি না, তেমন আদ্যোপান্ত কিছু গড়িতে পারিতেছি না, তেমন জোরের সহিত কিছু দাঁড় করাইতে পারিতেছি না। আমাদের মতামত, কথাবার্তা এবং আচার-অনুষ্ঠান ঠিক সাবালকের মতো নহে। সেইজন্য আমরা অত্যাশ্রিত, আড়ম্বর এবং আশ্ফালনের দ্বারা আমাদের মানসিক দৈন্য ঢাকিবার চেষ্টা করি।

ইহার প্রধান কারণ, বাল্যকাল হইতে আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা কিছু নিত্য আবশ্যক তাহাই কঠিন করিতেছি। তেমন করিয়া কোনোমতে কাজ চলে মাত্র, কিন্তু বিকাশলাভ হয় না। হাওয়া খাইলে পেট ভরে না, আহার করিলে পেট ভরে, কিন্তু আহারটি

রীতিমত হজম করিবার জন্য হাওয়া খাওয়া দরকার।
তেমনি একটা শিক্ষাপুস্তককে রীতিমত হজম করিতে
অনেকগুলি পাঠ্যপুস্তকের সাহায্য আবশ্যক। আনন্দের
সহিত পড়িতে পড়িতে পড়িবার শক্তি অলক্ষিতভাবে বৃদ্ধি
পাইতে থাকে; গ্রহণশক্তি, ধারণশক্তি, চিন্তাশক্তি বেশ
সহজে এবং স্বাভাবিক নিয়মে বললাভ করে।

TPSCNOTES.COM